# বাংলাদেশ সেনাবাহিনীতে সৈনিক পদে যোগ দিন




**সেনাবাহিনীতে অর্থের বিনিময়ে ভর্তির কোন সুযোগ নেই। আর্থিক লেনদেনের মাধ্যমে অথবা প্রতারণার আশ্রয় নিয়ে সেনাবাহিনীতে ভর্তি হলে চাকুরীর যে কোন পর্যায়ে বহিষ্কার করা হবে।**

## নিয়োগ বিজ্ঞপ্তি

**এসএমএস ও অনলাইন এর মাধ্যমে আবেদন শুরুর তারিখ ২১ ডিসেম্বর ২০২৪ এবং শেষ তারিখ ৩১ জানুয়ারি ২০২৫**

■ **২০২৫ সালে নির্ধারিত সেনানিবাসে সৈনিক পদে পুরুষ ও মহিলা প্রার্থীদের ভর্তি কার্যক্রম অনুষ্ঠিত হবে। সেনাবাহিনীতে যোগদানে আগ্রহী সকল জেলার পুরুষ ও মহিলা প্রার্থীদের আবেদনের জন্য বিস্তারিত তথ্যাবলী নিম্নরূপ ঃ**

**১। আবেদন** একজন প্রার্থী প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে সাধারণ (GD) এবং টেকনিক্যাল ট্রেড (TT) এ আবেদন করতে পারবেন। এছাড়া বিএনসিসি (BNCC) এর সদস্য, সেনা সদস্যদের সন্তান (SS) এবং টিটিটিআই (TTTI) সমূহ হতে প্রশিক্ষণ প্রাপ্ত প্রার্থীগণ পৃথকভাবে আবেদন করতে পারবেন। সকল ক্ষেত্রে এসএমএস এবং অনলাইন এর মাধ্যমে আবেদন করতে হবে। প্রতি আবেদনের অনুকূলে সর্বমোট ৩০০/- টাকা (ভর্তি পরীক্ষার ফি বাবদ ২০০/- এবং অনলাইন রেজিস্ট্রেশন ফি বাবদ ১০০/-) কর্তন করা হবে।

**২। যোগ্যতা**

ক। সাধারণ ট্রেড (GD) - পুরুষ ও মহিলা।

(১) বয়স। ০১ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে ১৭ বছর এর কম এবং ২০ বছরের বেশি হবে না (এফিডেভিট গ্রহণযোগ্য নয়)।

(২) শিক্ষাগত যোগ্যতা। এসএসসি/সমমান (মাদ্রাসা/কারিগরি/উন্মুক্ত) পরীক্ষায় ন্যূনতম জিপিএ-৩.০০ পেয়ে উত্তীর্ণ।

খ। **টেকনিক্যাল ট্রেড (TT) - পুরুষ ও মহিলা**।

(১) বয়স। ০১ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে ১৭ বছর এর কম এবং ২১ বছরের বেশি হবে না (এফিডেভিট গ্রহণযোগ্য নয়)। শুধুমাত্র ড্রাইভিং পেশায় অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ০১ বছর শিথিলযোগ্য অর্থাৎ ১৭ হতে ২২ বছর।

(২) শিক্ষাগত/কারিগরি যোগ্যতা।

ক। এসএসসি ভোকেশনাল হতে সংশ্লিষ্ট কারিগরি বিষয়সহ ন্যূনতম জিপিএ-৩.০০ পেয়ে উত্তীর্ণ।

খ। এসএসসি/সমমান (মাদ্রাসা/কারিগরি/উন্মুক্ত) পরীক্ষায় ন্যূনতম জিপিএ-৩.০০ পেয়ে উত্তীর্ণ এবং কারিগরি শিক্ষাবোর্ড কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে নিম্নে উল্লিখিত টেবিল ১ অনুযায়ী ন্যূনতম ৩ মাস মেয়াদী সংশ্লিষ্ট ট্রেড কোর্সে যোগ্য। বিজ্ঞান বিভাগ/ডিপ্লোমা কোর্স সম্পন্নকারী প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।

গ। শারীরিক মান।

| বিবরণ | পুরুষ প্রার্থী | মহিলা প্রার্থী |
|---|---|---|
| উচ্চতা (ন্যূনতম) | ১.৬৫ মিটার (৫ ফুট ৫ ইঞ্চি) বিভিন্ন ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও সম্প্রদায় ব্যতীত। বিভিন্ন ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের জন্য ১.৬৩ মিটার (৫ ফুট ৪ ইঞ্চি)। | ১.৫৫ মিটার (৫ ফুট ১ ইঞ্চি) বিভিন্ন ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও সম্প্রদায় ব্যতীত। বিভিন্ন ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের জন্য ১.৫২ মিটার (৫ ফুট ০ ইঞ্চি)। |
| ওজন (ন্যূনতম) | ৪৯.৯০ কেজি (১১০ পাউন্ড)। | ৪৭ কেজি (১০৪ পাউন্ড)। |
| বুক (ন্যূনতম) | স্বাভাবিক ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি), স্ফীত ০.৮১ মিটার (৩২ ইঞ্চি)। | স্বাভাবিক ০.৭১ মিটার (২৮ ইঞ্চি), স্ফীত ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি)। |

ঘ। স্বাস্থ্য পরীক্ষা ঃ স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য। চ। বৈবাহিক অবস্থা ঃ অবিবাহিত (বিপত্নীক/বিবাহ বিচ্ছেদকারী গ্রহণযোগ্য নয়)।

ঙ। সাঁতার ঃ সাঁতার জানা অত্যাবশ্যক **(ন্যূনতম ৫০ মিটার)**।

**৩। ভর্তির সময় নিম্নেবর্ণিত সনদপত্র/ছবি/লেখার সামগ্রী অবশ্যই সঙ্গে আনতে হবে**

ক। শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র/ মার্কশীট, ফটোকপি হলে সত্যায়িত হতে হবে, তবে পরবর্তীতে মূল সনদপত্র উপস্থাপন করতে হবে।

খ। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক দেয়া স্থায়ী ঠিকানা ও জন্ম তারিখ সম্বলিত মূল প্রশংসাপত্র এবং এসএসসি পরীক্ষার প্রবেশপত্র।

গ। টেকনিক্যাল ট্রেড প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট টেকনিক্যাল ট্রেড কোর্সে যোগ্যতা অর্জনের স্বপক্ষে সনদ পত্রের মূলকপি (ড্রাইভার ট্রেডের ক্ষেত্রে লাইসেন্স থাকলে এর কপিসহ)।

ঘ। অভিভাবকের সম্মতিসূচক সনদপত্র যা সংশ্লিষ্ট চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত হতে হবে।

ঙ। সংশ্লিষ্ট চেয়ারম্যান কর্তৃক দেয়া জন্মসূত্রে নাগরিকত্ব ও চারিত্রিক সনদপত্রের মূল কপি।

চ। নিজ জন্ম নিবন্ধন সনদপত্র এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি যদি থাকে।

ছ। পিতা ও মাতা এর জাতীয় পরিচয়পত্র/স্মার্ট কার্ড এর সত্যায়িত ফটোকপি।

জ। সদ্যতোলা পাসপোর্ট সাইজের (৫ সেঃ মিঃ X ৪ সেঃ মিঃ) ০৬ কপি এবং ষ্ট্যাম্প সাইজের (২.৫ সেঃমিঃ X ২ সেঃমিঃ) ০২ কপি সত্যায়িত ছবি। ছবির পটভূমি নীল/আকাশী রংয়ের, পরিধেয় পোশাক হালকা রং এর হতে হবে।

ঝ। সাঁতার পরীক্ষা দেয়ার জন্য প্রয়োজনীয় পোশাক (সাঁতারের নির্ধারিত দিনে)।

ঞ। লিখিত পরীক্ষার জন্য কলম, জ্যামিতি বক্স, পেন্সিল, স্কেল ও ক্লিপবোর্ড ইত্যাদি।

ট। বিভিন্ন ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের ক্ষেত্রে প্রমাণ স্বরূপ নৃ-গোষ্ঠী অথবা সম্প্রদায় প্রধান/রাজা/ইউপি চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর সনদপত্র।

**৪। নির্বাচন পদ্ধতি** স্বাস্থ্য পরীক্ষা, শারীরিক পরীক্ষা, লিখিত পরীক্ষা (বাংলা, ইংরেজি, গণিত, সাধারণ জ্ঞান ও বুদ্ধিমত্তা) ও সাক্ষাৎকারের মাধ্যমে যোগ্য প্রার্থী নির্বাচন করা হবে। টেকনিক্যাল ট্রেডের প্রার্থীদের সংশ্লিষ্ট ট্রেড বিষয়ক ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

**৫। নিম্নেবর্ণিত ব্যক্তিগণ দরখাস্ত করার জন্য উপযুক্ত বলে বিবেচিত হবে না**

ক। সরকারী চাকুরী হতে বরখাস্তকৃত। গ। সামরিক প্রশিক্ষণ প্রতিষ্ঠান হতে প্রত্যাহারকৃত/বরখাস্তকৃত।

খ। ফৌজদারী মামলায় দন্ডপ্রাপ্ত।

**৬। প্রশিক্ষণ** সেনাসদরের সিদ্ধান্ত অনুযায়ী ৩৬ (ছত্রিশ) সপ্তাহ মেয়াদী মৌলিক সামরিক প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।

**৭। টেকনিক্যাল ট্রেড** টেকনিক্যাল ট্রেড (TT) এ আবেদনের জন্য পরীক্ষার সেন্টার সমূহের অবস্থান, পরীক্ষার সেন্টার কোড এবং টেকনিক্যাল ট্রেডের বিবরণ নিম্নরূপঃ

**টেবিল-১**

| পরীক্ষার কেন্দ্র (Exam Center) | পরীক্ষা কেন্দ্রের কোড (Exam Center Code) | টেকনিক্যাল ট্রেডের নাম (Name of Technical Trade) | ট্রেড কোড (Trade Code) | যোগ্যতা/ট্রেড কোর্স |
|---|---|---|---|---|
| এসিসিএন্ডএস, বগুড়া, সেনানিবাস | ১১১ | ড্রাইভার | DVR | ড্রাইভার কাম অটোমেকানিক্স কোর্সে উত্তীর্ণ। বিআরটিএ কর্তৃক প্রদত্ত বৈধ ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তদের অগ্রাধিকার প্রদান করা হবে (সিএনজি এবং মটর সাইকেল ড্রাইভিং লাইসেন্স নয়)। |
| এসিএন্ডএস, হালিশহর, চট্টগ্রাম | ১১২ | ড্রাইভার | DVR | |
| ইসিএসএমই, কাদিরাবাদ সেনানিবাস, নাটোর | ১১৩ | ড্রাইভার | DVR | |
| এসটিসিএন্ডএস, যশোর সেনানিবাস | ১১৪ | ড্রাইভার | DVR | |
| এএসসিসিএন্ডএস, জাহানাবাদ সেনানিবাস, খুলনা | ১১৫ | ড্রাইভার | DVR | |
| এএমসিসিএন্ডএস, শহীদ সালাহউদ্দিন সেনানিবাস, টাঙ্গাইল | ১১৬ | ড্রাইভার | DVR | |
| ওসিএন্ডএস, রাজেন্দ্রপুর সেনানিবাস, গাজীপুর | ১১৭ | ড্রাইভার | DVR | |
| ইসিএসএমই, কাদিরাবাদ সেনানিবাস, নাটোর | ১১৩ | আর্টিফিসিয়ার ইঞ্জিনিয়ার | AE | ইলেকট্রিক্যাল হাউজ ওয়্যারিং/মেরিন ইলেকট্রিশিয়ান/রেফ্রিজারেশন এবং এয়ার কান্ডিশনিং/জেনারেল ইলেকট্রিশিয়ান/ফার্ম মেশিনারীজ/মেকানিক্যাল ফিটার/মেশিনিষ্ট সম্পর্কিত ট্রেড কোর্স |
| ইসিএসএমই, কাদিরাবাদ সেনানিবাস, নাটোর | ১১৩ | ইলেকট্রিশিয়ান | ELEC | ইলেকট্রিশিয়ান হাউজ ওয়্যারিং/মেরিন ইলেকট্রিশিয়ান/রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং/জেনারেল ইলেকট্রিশিয়ান সম্পর্কিত ট্রেড কোর্স |
| ইসিএসএমই, কাদিরাবাদ সেনানিবাস, নাটোর | ১১৩ | অপারেটর কমিউনিকেশন ইউনিট | OCU | রেডিও, টিভি এবং মোবাইল রিপেয়্যারিং সম্পর্কিত ট্রেড কোর্স |
| ইসিএসএমই, কাদিরাবাদ সেনানিবাস, নাটোর | ১১৩ | মেশিনিষ্ট | MACH | ফার্ম মেশিনারিজ/মেকানিক্যাল ফিটার/মেশিনিষ্ট/রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং সম্পর্কিত ট্রেড কোর্স |
| ইসিএসএমই, কাদিরাবাদ সেনানিবাস, নাটোর | ১১৩ | ওয়েল্ডার | WLDR | ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন/ওয়েল্ডিং সম্পর্কিত ট্রেড কোর্স |
| ইসিএসএমই, কাদিরাবাদ সেনানিবাস, নাটোর | ১১৩ | মেশন | MN | মেশন/মেশনারি রড বাইন্ডিং/প্লামবিং এবং পাইপ ফিটিং সম্পর্কিত ট্রেড কোর্স |
| ইসিএসএমই, কাদিরাবাদ সেনানিবাস, নাটোর | ১১৩ | সার্ভেয়ার | SVY | সিভিল ইঞ্জিনিয়ারিং/জিআইএস/জিপিএস সার্ভে সম্পর্কিত ট্রেড কোর্স |
| ইসিএসএমই, কাদিরাবাদ সেনানিবাস, নাটোর | ১১৩ | ড্রাফটসম্যান | DTMN | বিল্ডিং এবং স্থাপত্য নকশাঁ অংকন/অটোকেড সম্পর্কিত ট্রেড কোর্স |
| এসটিসিএন্ডএস, যশোর সেনানিবাস | ১১৪ | ওয়্যারম্যান সিগন্যালস | WSIG | ইলেকট্রিশিয়ান হাউজ ওয়্যারিং/মেরিন ইলেকট্রিশিয়ান/জেনারেল ইলেকট্রিশিয়ান সম্পর্কিত ট্রেড কোর্স |
| এসটিসিএন্ডএস, যশোর সেনানিবাস | ১১৪ | অপারেটর | OP | কম্পিউটার ও তথ্য প্রযুক্তি/ইলেকট্রনিক্স কন্ট্রোল এবং কমিউনিকেশন সম্পর্কিত ট্রেড কোর্স |
| এসটিসিএন্ডএস, যশোর সেনানিবাস | ১১৪ | টেকনিশিয়ান | TECH | রেডিও, টিভি এবং মোবাইল রিপেয়্যারিং/ইলেকট্রিক্যাল হাউজ ওয়্যারিং/ইলেকট্রনিক্স সম্পর্কিত ট্রেড কোর্স |
| ইএমইসিএন্ডএস, সৈয়দপুর সেনানিবাস | ১১৮ | টেকনিশিয়ান আরমামেন্ট ভেহিক্যাল | TAV | ড্রাইভার কাম অটোমেকানিক্স সম্পর্কিত ট্রেড কোর্স |
| ইএমইসিএন্ডএস, সৈয়দপুর সেনানিবাস | ১১৮ | টেকনিশিয়ান বিয়ারিং ভেহিক্যাল | TBV | ড্রাইভার কাম অটোমেকানিক্স/এয়ার কন্ডিশনিং সম্পর্কিত ট্রেড কোর্স |
| ইএমইসিএন্ডএস, সৈয়দপুর সেনানিবাস | ১১৮ | টেকনিশিয়ান কনস্ট্রাকশন ভেহিক্যাল | TCV | ড্রাইভার কাম অটোমেকানিক্স সম্পর্কিত ট্রেড কোর্স |
| ইএমইসিএন্ডএস, সৈয়দপুর সেনানিবাস | ১১৮ | ওয়েল্ডার | WLDR | ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন/ওয়েল্ডিং সম্পর্কিত ট্রেড কোর্স |
| ইএমইসিএন্ডএস, সৈয়দপুর সেনানিবাস | ১১৮ | অপারেশন টু ইলেকট্রো মেডিক্যাল মেকানিক | OEM | রেডিও, টিভি এবং মোবাইল রিপেয়্যারিং/রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং সম্পর্কিত ট্রেড কোর্স |
| ইএমইসিএন্ডএস, সৈয়দপুর সেনানিবাস | ১১৮ | রাডার এন্ড কমিউনিকেশন টেকনিশিয়ান | RCT | রেডিও, টিভি এবং মোবাইল রিপেয়্যারিং সম্পর্কিত ট্রেড কোর্স |
| ইএমইসিএন্ডএস, সৈয়দপুর সেনানিবাস | ১১৮ | ইন্সট্রুমেন্ট মেকানিক | IM | ফার্ম মেশিনারিজ/মেকানিক্যাল ফিটার/মেশিনিষ্ট/রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং সম্পর্কিত ট্রেড কোর্স |

**জেলা কোড অনুযায়ী লোক ভর্তি করা হবে। তবে বিএনসিসি, সেনাসন্তান, টেকনিক্যাল ট্রেড এবং টিটিটিআই প্রার্থীদের ক্ষেত্রে জেলা কোড প্রযোজ্য হবে না।**

## এসএমএস ও অনলাইন এর মাধ্যমে আবেদনের নিয়মাবলী - পুরুষ ও মহিলা

### ১ম ধাপ

■ **ভর্তিচ্ছুক প্রার্থীকে প্রথমে টেলিটক প্রিপেইড সিমের মাধ্যমে আবেদন (এসএমএস) করতে হবে। এক্ষেত্রে মেসেজ অপশনে গিয়ে সৈনিক পদে ভর্তির জন্য নিম্নলিখিত তথ্যগুলো টাইপ করে ১৬২২২ নম্বরে এসএমএস প্রেরণ করতে হবেঃ**

**১। সাধারণ (GD) প্রার্থীদের ক্ষেত্রে নিম্নবর্ণিতভাবে টাইপ করে প্রথম এসএমএস প্রেরণ করতে হবে।**

প্রথম এসএমএসঃ SAINIK<space>1ST THREE LETTERS OF SSC BOARD<space>ROLL<space>PASSING YEAR <space> DISTRICT CODE

উদাহরণ ঃ SAINIK DHA 236098 2018 34 (ঢাকা বোর্ডের জন্য DHA, কারিগরী বোর্ডের জন্য TEC, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের জন্য BOU ইত্যাদি, এছাড়াও স্ব স্ব জেলার সামনে নিম্নবর্ণিত জেলা কোড অনুযায়ী)।

**২। টেকনিক্যাল ট্রেডের (TT) প্রার্থীদের ক্ষেত্রে নিম্নবর্ণিতভাবে টাইপ করে প্রথম এসএমএস প্রেরণ করতে হবে।**

টেকনিক্যাল ট্রেড (TT) এ ভর্তি ইচ্ছুক প্রার্থীদের ভর্তি পরীক্ষা টেবিল-১ অনুযায়ী হবে, এই ক্ষেত্রে প্রার্থী যে কেন্দ্রে পরীক্ষা দিতে ইচ্ছুক সেই কেন্দ্রের সেন্টার কোড এবং প্রার্থী যে ট্রেড'এ ভর্তি হতে ইচ্ছুক টেবিল-১ অনুযায়ী সেই ট্রেড এর কোড এসএমএস'এ দিতে হবে।

প্রথম এসএমএস ঃ SAINIK<space>1ST THREE LETTERS OF SSC BOARD <space> ROLL <space> PASSING YEAR <space> DISTRICT CODE <space>TT<space> TRADE CODE <space> EXAM CENTER CODE

উদাহরণঃ SAINIK KHU 236098 2018 34 TT DVR 111 (খুলনা বোর্ডের জন্য KHU, কারিগরী বোর্ডের জন্য TEC, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের জন্য BOU ইত্যাদি, এছাড়াও স্ব স্ব জেলার সামনে নিম্নবর্ণিত জেলা কোড অনুযায়ী)।

**৩। বিএনসিসি (BNCC) প্রার্থীদের ক্ষেত্রে নিম্নবর্ণিতভাবে টাইপ করে প্রথম এসএমএস প্রেরণ করতে হবে।** বিএনসিসি এর সদস্যগণ যোগ্যতা থাকা স্বাপেক্ষে সাধারণ ট্রেড (BNCCGD) এবং টেকনিক্যাল ট্রেড (BNCCTT) এ আবেদন করতে পারবেন।

ক। **সাধারণ (GD) পেশায় আবেদনকারীর ক্ষেত্রে এসএমএস নিম্নরূপ হবে।**

প্রথম এসএমএস ঃ SAINIK<space>1ST THREE LETTERS OF SSC BOARD <space> ROLL <space> PASSING YEAR <space> DISTRICT CODE <space>BNCCGD

উদাহরণ ঃ SAINIK RAJ 236098 2018 34 BNCCGD (রাজশাহী বোর্ডের জন্য RAJ, কারিগরী বোর্ডের জন্য TEC, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের জন্য BOU ইত্যাদি, এছাড়াও স্ব স্ব জেলার সামনে নিম্নবর্ণিত জেলা কোড অনুযায়ী)।

খ। **টেকনিক্যাল ট্রেড (TT) পেশায় আবেদনকারীর ক্ষেত্রে এসএমএস নিম্নরূপ হবে।**

প্রথম এসএমএস ঃ SAINIK<space>1ST THREE LETTERS OF SSC BOARD <space> ROLL <space> PASSING YEAR <space> DISTRICT CODE <space>BNCCTT <space> TRADE CODE <space> EXAM CENTER CODE

উদাহরণ ঃ SAINIK BAR 236098 2018 34 BNCCTT DVR 111 (বরিশাল বোর্ডের জন্য BAR, কারিগরী বোর্ডের জন্য TEC, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের জন্য BOU ইত্যাদি, এছাড়াও স্ব স্ব জেলার সামনে নিম্নবর্ণিত জেলা কোড অনুযায়ী)।

**৪। সেনাসন্তান (SS) প্রার্থীদের ক্ষেত্রে নিম্নবর্ণিতভাবে টাইপ করে প্রথম এসএমএস প্রেরণ করতে হবে।** সেনা সদস্যের সন্তানগণ যোগ্যতা থাকা স্বাপেক্ষে সাধারণ ট্রেড (SSGD) এবং টেকনিক্যাল ট্রেড (SSTT) এ আবেদন করতে পারবেন।

ক। **সাধারণ (GD) পেশায় আবেদনকারীর ক্ষেত্রে এসএমএস নিম্নরূপ হবে।**

প্রথম এসএমএস ঃ SAINIK<space>1ST THREE LETTERS OF SSC BOARD <space> ROLL <space> PASSING YEAR <space> DISTRICT CODE <space>SSGD

উদাহরণ ঃ SAINIK DHA 236098 2018 34 SSGD (ঢাকা বোর্ডের জন্য DHA, কারিগরী বোর্ডের জন্য TEC, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের জন্য BOU ইত্যাদি, এছাড়াও স্ব স্ব জেলার সামনে নিম্নবর্ণিত জেলা কোড অনুযায়ী)।

খ। **টেকনিক্যাল ট্রেড (TT) পেশায় আবেদনকারীর ক্ষেত্রে এসএমএস নিম্নরূপ হবে।**

প্রথম এসএমএস ঃ SAINIK<space>1ST THREE LETTERS OF SSC BOARD <space> ROLL <space> PASSING YEAR <space> DISTRICT CODE <space>SSTT <space> TRADE CODE <space> EXAM CENTER CODE

উদাহরণ ঃ SAINIK SYL 236098 2018 34 SSTT DVR 111 (সিলেট বোর্ডের জন্য SYL, কারিগরী বোর্ডের জন্য TEC, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের জন্য BOU ইত্যাদি, এছাড়াও স্ব স্ব জেলার সামনে নিম্নবর্ণিত জেলা কোড অনুযায়ী)।

**৫। টিটিটিআই (TTTI) হতে প্রশিক্ষণ প্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে নিম্নবর্ণিতভাবে টাইপ করে প্রথম এসএমএস প্রেরণ করতে হবে।**

প্রথম এসএমএস ঃ SAINIK<space>1ST THREE LETTERS OF SSC BOARD <space> ROLL <space> PASSING YEAR <space> DISTRICT CODE <space>TTTI <space> TRADE CODE

উদাহরণ ঃ SAINIK DIN 236098 2018 34 TTTI DVR (দিনাজপুর বোর্ডের জন্য DIN, কারিগরী বোর্ডের জন্য TEC, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের জন্য BOU ইত্যাদি, এছাড়াও স্ব স্ব জেলার সামনে নিম্নবর্ণিত জেলা কোড অনুযায়ী)।

### ২য় ধাপ

৬। প্রথম এসএমএস প্রেরণের পর প্রার্থীর তথ্য যাচাই বাছাই করতঃ টেলিটক কর্তৃক যোগ্য প্রার্থীকে একটি পিন নম্বর সম্বলিত এসএমএস প্রদান করা হবে। পিন নম্বর প্রাপ্তি সাপেক্ষে সংশ্লিষ্ট প্রার্থী আবেদন করতে ইচ্ছুক হলে পুনরায় নিম্নবর্ণিতভাবে ২য় এসএমএস প্রেরণ করতে হবে। উল্লেখ্য, ২য় এসএমএস প্রেরণের সময় সর্বমোট ৩০০/- টাকা (ভর্তি পরীক্ষার ফি বাবদ ২০০/- এবং অনলাইন রেজিস্ট্রেশন ফি বাবদ ১০০/-) কর্তন করা হবে বিধায় মোবাইল ব্যালেন্স ৩০০/- টাকার অধিক থাকা আবশ্যক।

দ্বিতীয় এসএমএস ঃ SAINIK<space>YES<space>PIN NUMBER<space>CONTACT MOBILE NUMBER and send to 16222

উদাহরণ ঃ SAINIK YES 894098 01xxxxxxxxx and send to 16222

**মহিলা প্রার্থীদের ক্ষেত্রে SAINIK এর পরিবর্তে FSAINIK টাইপ করে প্রথম ও দ্বিতীয় এসএমএস প্রেরণ করতে হবে।**

### ৩য় ধাপ

৭। ২য় এসএমএস প্রেরণের পর প্রার্থীকে টেলিটক কর্তৃক একটি USER ID ও Password প্রদান করা হবে। উক্ত USER ID ও Password দ্বারা http://sainik.teletalk.com.bd এ লগইন করে অনলাইনে আবেদন ফরম পূরণ করতে হবে। আবেদনের ক্ষেত্রে প্রার্থীর ৩০০X৩০০ (দৈর্ঘ্য ও প্রস্থ) pixel এর রঙিন ছবি আপলোড করতে হবে। ফাইল সাইজ সর্বোচ্চ ১০০ কেবি (kb) এর মধ্যে হবে।

### প্রবেশপত্র

**৮। অনলাইনে আবেদন ফরম পূরণের পর প্রার্থীকে প্রবেশপত্র প্রিন্ট করতে হবে। উল্লেখ্য, আবেদনের ৭ দিনের মধ্যে প্রবেশপত্র প্রিন্ট করতে ব্যর্থ হলে পরবর্তীতে প্রিন্ট করা যাবে না।**

৯। প্রার্থী কর্তৃক পূরণকৃত সকল তথ্যই প্রবেশপত্রে প্রদর্শিত হবে। তাই প্রবেশপত্রসহ পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে না। প্রতারক চক্র থেকে দূরে থাকার জন্য গোপনীয়তা রক্ষার লক্ষ্যে পরীক্ষার স্থান ও তারিখ প্রবেশপত্রে উল্লেখ করা হবে না।

১০। প্রত্যেক প্রার্থীকে নিজ নিজ ভর্তি পরীক্ষার ৭২ ঘন্টা পূর্বে টেলিটক কর্তৃক এসএমএস এর মাধ্যমে পরীক্ষার স্থান ও তারিখ জানানো হবে।

### হেল্প লাইন

১১। প্রার্থীর USER ID ও Password হারিয়ে / ভুলে গেলে পুনরায় পাওয়ার জন্য এবং ভর্তি পরীক্ষার স্থান ও তারিখ নিজ উদ্যোগে জানার জন্য নিম্নলিখিত তথ্যগুলি টাইপ করে শুধুমাত্র টেলিটক মোবাইল হতে ৬৫৯৬ নম্বরে প্রেরণ করতে হবে সেক্ষেত্রে চার্জ অপ্রযোজ্য। তবে, পরীক্ষার ৭২ ঘন্টা পূর্বে প্রার্থীকে তার পরীক্ষার স্থান ও তারিখ টেলিটক এর ০১৫৫২১৪৬০৬০/০১৫৫০১৫৫৫৫৫ নম্বর থেকে স্বয়ংক্রিয়ভাবে ৩/৪ টি এসএমএস এর মাধ্যমে জানানো হবে।

SAINIK<space>HELP<space>SSC BOARD<space>ROLL<space>PASSING YEAR<space>DISTRICT CODE অথবা SAINIK<space>HELP<space >PIN<space> PIN NUMBER **and send to 6596**

উদাহরণ ঃ SAINIK HELP DHA 236098 2017 34 অথবা SAINIK HELP PIN 894098 **and send to 6596**

১২। জরুরী প্রয়োজনে কল করুন ১২১ এ শুধুমাত্র টেলিটক নম্বর থেকে (Call 121, Then press 8, then press 1) যে কোন অপারেটর থেকে সরাসরি কল করুন ০১৫০০১২১১২১ এই নম্বরে অথবা ই-মেইল করুনঃ sainik@teletalk.com.bd

**ভাড়া বাসা/বর্তমান/ অস্থায়ী ঠিকানাকে স্থায়ী ঠিকানা হিসেবে গণ্য করা হবে না। নিজস্ব পৈত্রিক স্থায়ী ঠিকানা ও নিম্নবর্ণিত জেলা কোড ব্যবহার করে আবেদন করুন।**

| জেলা | জেলা কোড | জেলা | জেলা কোড | জেলা | জেলা কোড | জেলা | জেলা কোড | জেলা | জেলা কোড | জেলা | জেলা কোড | জেলা | জেলা কোড | জেলা | জেলা কোড | জেলা | জেলা কোড | জেলা | জেলা কোড | জেলা | জেলা কোড | জেলা | জেলা কোড | জেলা | জেলা কোড | জেলা | জেলা কোড | জেলা | জেলা কোড | জেলা | জেলা কোড |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| পঞ্চগড় | ০১ | লালমনিরহাট | ০৫ | জয়পুরহাট | ০৯ | নাটোর | ১২ | কুষ্টিয়া | ১৭ | মাগুরা | ২১ | যশোর | ২৩ | বাগেরহাট | ২৬ | ভোলা | ৩০ | ময়মনসিংহ | ৩৪ | কিশোরগঞ্জ | ৩৮ | নরসিংদী | ৪২ | রাজবাড়ী | ৪৬ | হবিগঞ্জ | ৫৩ | লক্ষ্মীপুর | ৫৭ | কক্সবাজার | ৬১ |
| ঠাকুরগাঁও | ০২ | রংপুর | ০৬ | বগুড়া | ১০ | নবাবগঞ্জ | ১৩ | মেহেরপুর | ১৮ | গোপালগঞ্জ | ৪৭ | নড়াইল | ২২ | পিরোজপুর | ২৭ | পটুয়াখালী | ৩১ | শেরপুর | ৩৫ | মানিকগঞ্জ | ৩৯ | নারায়ণগঞ্জ | ৪৩ | সুনামগঞ্জ | ৫০ | ব্রাহ্মণবাড়ীয়া | ৫৪ | নোয়াখালী | ৫৮ | খাগড়াছড়ি | ৬২ |
| দিনাজপুর | ০৩ | কুড়িগ্রাম | ০৭ | নওগাঁ | ১১ | রাজশাহী | ১৪ | চুয়াডাঙ্গা | ১৯ | মাদারীপুর | ৪৮ | সাতক্ষীরা | ২৪ | ঝালকাঠি | ২৮ | বরগুনা | ৩২ | জামালপুর | ৩৬ | ঢাকা | ৪০ | মুন্সীগঞ্জ | ৪৪ | সিলেট | ৫১ | কুমিল্লা | ৫৫ | ফেনী | ৫৯ | রাঙামাটি | ৬৩ |
| নীলফামারী | ০৪ | গাইবান্ধা | ০৮ | সিরাজগঞ্জ | ১৫ | পাবনা | ১৬ | ঝিনাইদহ | ২০ | শরীয়তপুর | ৪৯ | খুলনা | ২৫ | বরিশাল | ২৯ | নেত্রকোনা | ৩৩ | টাঙ্গাইল | ৩৭ | গাজীপুর | ৪১ | ফরিদপুর | ৪৫ | মৌলভীবাজার | ৫২ | চাঁদপুর | ৫৬ | চট্টগ্রাম | ৬০ | বান্দরবান | ৬৪ |

**বিঃ দ্রঃ সেনাবাহিনীতে স্বচ্ছতা ও যোগ্যতার ভিত্তিতেই নিয়োগ প্রদান করা হয়। যে কোন সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।**

**স্থায়ী স্বাস্থ্য সমস্যার জন্য একাধিকবার অযোগ্য বিবেচিত প্রার্থীগণকে আবেদন না করার জন্য অনুরোধ করা হলো।**


পরিচালক
পার্সোনেল এ্যাডমিনিষ্ট্রেশন পরিদপ্তর, এ্যাডজুটেন্ট জেনারেল শাখা
সেনাবাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস